452

ভোরের কাগজ

তারিখ ... JUN. 1 8 1999
পৃষ্ঠা 7 কলাম 8

ঢা. বি. সিনেট নির্বাচন

# জাতীয়তাবাদী ঐক্য পরিষদের নির্বাচন প্রত্যাখ্যান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট নির্বাচনে দলীয়করণ ও জালিয়াতির অভিযোগ এনে বিএনপি ও জামাত সমর্থিত জাতীয়তাবাদী ঐক্য পরিষদ নির্বাচন প্রত্যাখ্যান করেছে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১২টায় টিএসসিতে ভোট গণনার শেষ পর্যায়ে পরিষদের সমন্বয়কারী সাবেক উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়া এ ঘোষণা দেন। এ সময় জাতীয়তাবাদী ঐক্য পরিষদের বেশ কজন প্রার্থী ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এদিকে ভোট গণনা চলাকালে গতকাল বৃহস্পতিবার টিএসসিতে ছাত্রদলের কর্মীরা উপাচার্য ও উপাচার্যের সঙ্গে দুর্ব্যবহার

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## ঢা.বি: সিনেট প্রতিনিধি

● প্রথম পাতার পর

করেছে। তারা ভোট গণনায় অনিয়মের অভিযোগ তুলে নির্বাচন প্রত্যাখ্যানের ঘোষণা দেয়। প্রত্যক্ষদর্শীরা জানান, রাত সাড়ে ১০টার দিকে জাতীয়তাবাদী ঐক্য পরিষদের পক্ষে ছাত্রদল কর্মীরা অভিযোগ করে যে উপ-উপাচার্য যে ভুলের কারণে ব্যালট পেপার বাতিল করে দিয়েছিল, পরে একই ভুল থাকা সত্ত্বেও ব্যালট পেপার বৈধ বলে ঘোষণা করেছে। এ অভিযোগ তুলে তারা 'নির্বাচন মানি না' বলে ঘোষণা দেয়। এ সময় উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী পরিস্থিতি শান্ত করার আহ্বান জানালে জসিমউদ্দীন হল শাখা ছাত্রদলের সভাপতি তার সঙ্গে দুর্ব্যবহার করে। এ সময় শিক্ষক সমিতির নেতৃবৃন্দও দুভাগে বিভক্ত হয়ে পড়েন। ভোট গণনা কিছুক্ষণের জন্য স্থগিত হয়ে যায়। পরে ছাত্রদলের কর্মীরা নির্বাচন বাতিলের দাবি জানিয়ে ভোট গণনাস্থল ত্যাগ করে। এরপর আবারো ভোটগণনা শুরু হয়। এর প্রায় ঘন্টাখানেক পরে জাতীয়তাবাদী ঐক্য পরিষদ টিএসসিতে নির্বাচন প্রত্যাখ্যানের আনুষ্ঠানিক ঘোষণা দেয়।